




অনলাইনে (এসএসসি/এইচএসসি) পরীক্ষক নিবন্ধন ও তথ্য হালনাগাদ (eTIF) সংক্রান্ত

**বিজ্ঞপ্তি**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ, শিক্ষকবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, ২০২৩ সনে বা তৎপরবর্তীতে অনুষ্ঠেয় এসএসসি ও এইচএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য অত্রবোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের নাম পরীক্ষক তালিকায় নতুন ভাবে সংযোজন অথবা তথ্য হালনাগাদ কার্যক্রম আগামী ১৫/০২/২০২৩ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত নির্দেশনাবলী নিম্নে উল্লেখ করা হলো:-

- ১। যাঁরা ইতিমধ্যে সঠিক ভাবে eTIF সম্পন্ন করেছেন তাঁদের নতুন করে অন্তর্ভুক্তি হওয়ার প্রয়োজন নেই। যাঁরা বিগত বৎসর eTIF সঠিক ভাবে সম্পন্ন করতে পারেননি তাঁরা এবং যাঁরা বিগত বৎসর eTIF এ যে কোন কারণেই হটক যুক্ত হননি তাঁরা নতুন করে eTIF পূরণ করবেন। তবে ইতিমধ্যে eTIF এ যুক্ত শিক্ষকগণ কোন তথ্য সংশোধন কিংবা পরিবর্তন করতে চাইলে নির্দিষ্ট পাসওয়ার্ড ও NID দিয়ে প্রবেশ করে পূর্বে প্রদত্ত তথ্য হালনাগাদ করতে পারবেন।
- ২। তথ্যাদি প্রদানের কার্যক্রম ১৫/০২/২০২৩ থেকে ১৫/০৩/২০২৩ তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে। যেহেতু ৩০/০৪/২০২৩ তারিখ হতে এসএসসি পরীক্ষা- ২০২৩ আরম্ভ হবে তাই উল্লিখিত সময় বর্ধিত করার কোন সুযোগ নেই। উল্লেখ্য, তাঁদের প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে (অস্থায়ী শিক্ষক/অতিথি শিক্ষক/প্রদর্শক/গ্রন্থাগারিক/অফিস সহকারী ব্যতীত) eTIF এ অন্তর্ভুক্তি করার বা হাল নাগাদ করার বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন। সকল শিক্ষকের অন্তর্ভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান এ বিজ্ঞপ্তির ফটোকপি সকল শিক্ষককে বিতরণের ব্যবস্থা করবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে তাদের অন্তর্ভুক্তির জন্য ব্যবস্থা নিবেন।
- ৩। eTIF কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য বোর্ডের ওয়েব সাইট [www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd) এ গিয়ে eTIF Folder এ ক্লিক করে Teacher's Panel এর Registration বাটনে ক্লিক করে চাহিত সকল তথ্য প্রদান করে Save বাটনে ক্লিক করলে তথ্য প্রতিষ্ঠান প্রধানের নিকট চলে যাবে এবং সংশ্লিষ্ট শিক্ষক প্রদত্ত মোবাইল নম্বরে একটি ID এবং Password পাবেন, যা ভবিষ্যত ব্যবহারের জন্য তাকে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, eTIF কার্যক্রম শুরু করার পূর্বে নিজের পাসপোর্ট সাইজের ছবি, সকল পরীক্ষা পাশের Mark sheet অথবা Academic transcript, NID, চাকরিতে যোগদান পত্র Scanning করে রাখতে হবে।
- ৪। প্রতিষ্ঠান প্রধান EHN ও Password দিয়ে প্রবেশ করে শিক্ষক প্রেরিত তথ্য দেখতে ও Edit (যদি প্রয়োজন হয়) করতে পারবেন। সকল শিক্ষকদের Entry নির্ধারিত তারিখের মধ্যে নিশ্চিত করে তিনি ২০/০৩/২০২৩ তারিখের মধ্যে Submit বাটনে ক্লিক করবেন এবং প্রিন্ট করে বোর্ডে নির্ধারিত তারিখের মধ্যে জমা দেবেন।
- ৫। এসএসসি ও এইচএসসি স্তরের সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানকারী শিক্ষকদের (অস্থায়ী শিক্ষক/খণ্ডকালীন শিক্ষক/শরীরচর্চা শিক্ষক/ গ্রন্থাগারিক/অফিস সহকারী ব্যতীত) শুধুমাত্র সেই বিষয়ের পরীক্ষক হিসেবে eTIF এ অন্তর্ভুক্ত করতে প্রতিষ্ঠান প্রধান যথাযথ উদ্যোগ নেবেন। শ্রেণীকক্ষে পাঠদান করেন না এমন কোন বিষয়ে কোন শিক্ষক eTIF এ অন্তর্ভুক্ত হলে তার দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক সম্মানী দাবী করতে পারবেন না।
- ৬। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানগণ তাঁর প্রতিষ্ঠানে বিধিসম্মতভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে যাঁরা ইতোমধ্যে eTIF এ অন্তর্ভুক্ত হয়েছেন এবং যারা eTIF এ যুক্ত হননি সকলের eTIF এ অন্তর্ভুক্তি নিশ্চিত করবেন। কোন শিক্ষক eTIF এ অন্তর্ভুক্তি হতে বাদ থাকলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।
- ৭। অতীতের অনেক অপ্রীতিকর ঘটনা, যেমন পরীক্ষক/প্রধান পরীক্ষক/নিরীক্ষকদের সম্মানী মোবাইল ব্যাংক একাউন্ট হতে আত্মসাৎ হওয়ার প্রেক্ষিতে সোনালী ব্যাংক লিমিটেড ও জনতা ব্যাংক লিমিটেড এর মাধ্যমে সম্মানী প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাই সোনালী বা জনতা যে কোন একটি ব্যাংকের ১৩ ডিজিটের একাউন্ট নম্বর আবশ্যিক। ভুল একাউন্ট নম্বর দেওয়ার কারণে সম্মানী প্রাপ্তিতে কোন সমস্যা থাকলে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এখন থেকে মোবাইল ব্যাংকিং একাউন্টের মাধ্যমে কোনো সম্মানী প্রেরণ করা হবে না।
- ৮। প্রতিষ্ঠানের শিক্ষকদের সকল তথ্যাদি ওয়েবসাইটে সন্নিবেশিত করে Submit বাটনে ক্লিক করার পর চূড়ান্ত হার্ডকপি প্রিন্ট করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করার পর মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান ৪০৩ নং এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান ৪০১ নং কক্ষে ২৭/০৩/২০২৩ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধির মাধ্যমে জমা দিতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের সকল শিক্ষকের তথ্যাদি সঠিকভাবে প্রদান করা হয়েছে কিনা তা যাচাই পূর্বক প্রতিষ্ঠান প্রধানকে স্বাক্ষর করার জন্য অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী।

  
১৪/০২/২৩

(নারায়ন চন্দ্র নাথ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪

Email:ce@bise-ctg.gov.bd